কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের উপাধ্যক্ষ তপন কুমারের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর মহিলা ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ তপন কুমার সরকার হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে পরলোকগমন করেছেন।

গতকাল বুধবার সকাল ৮টায় হৃদরোগে আক্রান্ত হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর তার মৃত্যু হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৬ বছর।

তিনি পৌর শহরের সলেমানপুর বাজার পাড়ার মৃত নেপাল চন্দ্র সরকারের ছেলে। মৃত্যুকালে তিনি স্ত্রী ও তিন মেয়েসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

গতকাল বুধবার রাতে সলেমানপুর গজারমারী শ্মশানে তার শেষকৃত্য করা হয় । মৃত তপন কুমার সরকার প্রতিষ্ঠালগ্ন থেকে পৌর মহিলা ডিগ্রি কলেজে ভূগোল বিভাগে শিক্ষকতা করে আসছিলেন। সেই সাথে কলেজের ভাইস প্রিন্সিপালের দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি শিশুতলা মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি, কোটচাঁদপুর উপজেলা পূজা উদযাপন কমিটির উপদেষ্টা মন্ডলীর সদস্য এবং প্রগতিশীল নাগরিক সমাজের উপদেষ্টা মন্ডলীর সদস্য ছিলেন।

তপন কুমারের মৃত্যুতে শোক জানিয়েছেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল, কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী, পৌর মেয়র জাহিদুল ইসলাম,

উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, সাবেক পৌর মেয়র সালাহ্উদ্দীন বুলবুল সিডল, পৌর আ.লীগের যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, পৌর মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মৃনাল কান্তি সরকার, কলেজের শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও নানা শ্রেণী পেশার মানুষ।

দর্শনায় স্বাস্থ্য উপকরণ বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা ও জীবনগর দুইটি উপজেলার ২১টি কিশোরী ক্লাবে প্রাথমিক স্বাস্থ্য মনিটনিং উপকরণ বিতরণ করা হয়েছে।

দর্শনা অংকুর মেশিনারিজ কার্যালয়ের ৩য় তলায় এসব স্বাস্থ্য মনিটরিং উপকরণ প্রদান করা হয়। ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী আনিছুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রিজিওনাল ম্যানেজার জিল্লুর রহমান।

প্রধান অতিথি উপস্থিত থেকে ২১টি ক্লাবে বিপি মেশিন, স্টেথোস্কোপ, থার্মোমিটার, ওজন মাপা মেশিন, ওজন মাপক স্কেল, ফাস্টএইড বক্র এর সাথে ব্যান্ডেজ, গজ, ভায়োডিন ও হেক্রিসল বিনামূল্যে বিতরণ করেন।

ওয়েভ ফাউন্ডেশন ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় এবং কিশোর-কিশোরী ক্লাবের আয়োজনে এ অরিয়েন্টেশন বাস্তবাতিয় হয়। এ অরিয়েন্টেশনে দুইটি উপজেলার ৬৫ জন কিশোর কিশোরী অংশ নেয়। অরিয়েন্টেশন পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার স্বাস্থ্য কর্মকর্তা ডাক্তার আবু হেনা মোঃ জামাল শুভ ও ডাক্তার আনোয়ার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, আব্দুস সালাম, সহ-সমন্বয়কারী মজিবার রহমান, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, মাই টিভির জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল ও স্বাস্থ্যকর্মী লাল্টু রহমান।

অনুষ্ঠান পরিচালনা করেন ইসরাইল হোসেন টিটো ও পিংকি মন্ডল।

কালীগঞ্জে যাত্রীবাহী বাস খাদে পড়ে নিহত ১, আহত ৪

কালীগঞ্জ- দর্শনা সড়কের কালীগঞ্জ উপজেলার লাউতলা নামক স্থানে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে বাসের হেলপার নিহত ও আরও ৪ জন আহত হয়েছেন। নিহতের নাম মিরাজ (২০)। তার বাড়ি কালীগঞ্জ উপজেলার রঘুনাথপুর গ্রামে গ্রামে।

বৃহস্পতিবার (১০ ডিসেম্বর) সকাল ৮ টার দিকে এই ঘটনা ঘটে। ঘটনার পর স্থানীয় এলাকাবাসী, ফায়ার সার্ভিসের কর্মীসহ পুলিশ সদস্যরা এসে উদ্ধার তৎপরতা চালায়। হতাহতরা সবাই বাসের যাত্রী।

ফায়ার সার্ভিস ও স্থানীয়রা জানান, সকাল আটটার দিকে কালীগঞ্জ থেকে কোটচাঁদপুর যাওয়ার পথে শাপলা পরিবহনের একটি যাত্রীবাহী বাস (যশোর- জ- ১১-০০২২) কুয়াশার কারনে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের খাদে পড়ে যায়। এসময় বাসের হেলপার নিহত এবং ৪ যাত্রী আহত হন।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মকর্তা শেখ মামুনুর রশিদ জানান, দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয় জনতা, ফায়ার সার্ভিস ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে একজনের লাশ উদ্ধার করেন। আহতদের নাম পরিচয় জানা যায়নি। দুর্ঘটনা কবলিত বাসটি উদ্ধারে চেষ্টা চালাচ্ছে পুলিশ।

হরিণাকুণ্ডুতে জয়িতাদের সম্মাননা প্রদান

জয়িতাদের অবদান সমাজে ছড়িয়ে দিতে পারলেই নারীরা আরও উৎসাহী হবেন। আর তাছাড়া সরকার নারীদের সকল ক্ষেত্রে সমঅধিকার দিয়েছে। নারীরা তখনই স্বাবলম্বী হবে যখন তাদেরকে বিভিন্নভাবে প্রশিক্ষণ দিয়ে যোগ্য করে গড়ে তুলতে পারা যাবে ।

উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ২৫

নভেম্বর থেকে ১০ ডিসেম্বর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ উপলক্ষ্যে ও ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে জয়িতাদের সম্মাননা প্রদান অনুষ্ঠিত হয়েছে।

রাজিয়া আক্তার সহকারী কমিশনার (ভূমি)এর সভাপতিত্বে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

বিশেষ অতিথি ছিলেন রেশমা আক্তার, মহিলা ভাইস- চেয়ারম্যান উপজেলা পরিষদ, মুন্সি ফিরোজা সুলতানা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিল্লাল হোসেন, যুব উন্নয়ন কর্মকর্তা এবং হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের সভাপতি এম. সাইফুজ্জামান তাজু প্রমুখ।

ঝিনাইদহে বেগম রোকেয়া দিবস উপলক্ষে জয়িতা সম্মাননা প্রদান

‘কমলা রঙের বিশ্বে নারী, বাঁধার পথ দেবেই পাড়ি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বেগম রোকেয়া দিবস পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে জয়িতা সম্মাননা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম। শুভেচ্ছা বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফার রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত। অনুষ্ঠান পরিচালনা করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রোগ্রাম অফিসার খোন্দকার শরীফা আক্তার।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সফলতা,

নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করা, সমাজ উন্নয়ন অসামান্য অবদান রাখায় ১০ নারীকে জয়িতা সম্মাননা প্রদান করা হয়।

হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু শতবর্ষ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে বঙ্গবন্ধু শতবর্ষ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকালে এই খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় শহীদ আলতামতি স্মৃতি স্পোটিং ক্লাবকে ৩-১গোলে পরাজিত করে রিফাত স্পোটিং ক্লাব চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। মাস ব্যাপী এই খেলা স্থানীয়দের বিনোদনের খোরাক যুগিয়েছে।

খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের অধিনায়কের কাছে ট্◌্রফি তুলে দেন ৫নং কাপাশহাটীয়া ইউনিয়নের চেয়ারম্যান শরাফতদৌলা ঝন্টু।

এ সময় উপস্থিত ছিলেন আঃ রউফ ডিগ্রি কলেজের প্রভাষক ও সাংবাদিক শাহানুর আলম, মাওলানা সাঈদুজ্জামান, ইউপি সদস্য কোরবান আলী, ইদ্রীস আলী, অবঃ বিডিআর সদস্য রমজান আলী, উত্তর নারায়ন পুর দাখিল মাদ্রাসার শিক্ষক জিয়াউর রহমানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

কালীগঞ্জে ৫ নারীকে সম্মাননা

স্মারক প্রদান

ঝিনাইদহের কালীগঞ্জে আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ ও বেগম রোকেয়া দিবস ২০২০ উদযাপন উপলক্ষে “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক কর্মসূচির আওতায় গতকাল ৯ ডিসেম্বর ৫ জন জয়িতাদের মাঝে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

স্মারক প্রদান আনুষ্ঠানে অতিথিবৃন্দ এবং জয়িতারা তাদের নিজ নিজ অভিমত ব্যক্ত করেন। সম্মাননা স্মারক প্রদানকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর সিদ্দিক এবং সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রাণী সাহা।

এছাড়াও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃদাঃ), একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বেশ কয়েকটি ক্যাটাগরিতে বিবেচনা করে এই ৫ জনকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

ঝুঁকি বাড়াচ্ছে ঘন কুয়াশা, রাস্তায় যানবাহন চলছে হেডলাইট জ্বালিয়ে

সম্প্রতি শীতের আবহাওয়া শুরু হয়ে দিন দিন তা বেড়েই চলছে। দিন গড়িয়ে রাত পেরনোর পর ক্রমেই বাড়ছে কুয়াশার তীব্রতা।

আজ বুধবার যশোর ঝিনাইদহ মহাসড়ক ঘুরে দেখা গেছে, নিমতলা, কলাহাটা মোড়, বৈশাখী পাম্প মোড়সহ একাধিক বাঁক রয়েছে। রাতের আঁধারে সেই সাথে কুয়াশার প্রভাবে ওই সব এলাকার সড়ক দিয়ে চলাচল করা হয়ে ওঠে ঝুঁকিপূর্ণ।

কালীগঞ্জ উপজেলার মহাসড়কে যানবাহনগুলো সকাল আটটার সময়ও হেডলাইট জ্বালিয়ে চলাচল করছে।

এরমধ্যে বিষয় খালী, দুলাল মুন্দিয়া, রঘুনাথপুর, বারোবাজারসহ একাধিক স্থানে ছোটখাট বাসস্ট্যান্ড রয়েছে। এসব স্থানে আলোর ব্যবস্থা থাকলেও মহাসড়কের দীর্ঘপথটা ফাঁকা রয়েছে।

মহাসড়কের ফাঁকা দু’পাশে কুয়াশা বুঝিয়ে দিচ্ছিলো বিস্তীর্ণ ফসলি জমি সেখানে। এসব ফাঁকা স্থান দিয়ে তীব্র বেগে ধেয়ে আসতে থাকে কুয়াশা। এসব এলাকায় চালকদের বেপরোয়া গতিতে গাড়ি চালানোর দৃশ্যটা ভয় পাওয়ার মত।

আগমুন্দিয়া এলাকায় হোটেলে বসা সোহেল, মোবারক, জুয়েলসহ কয়েকজন বাস ও ট্রাকচালকের সঙ্গে কথা হয়। তারা জানান, জোড়াতালির মহাসড়ক মাড়িয়ে তাদের যানবাহন চালাতে হচ্ছে। এর মধ্যে আবার যোগ হয়েছে তীব্র শীত ও ঘন কুয়াশা। এছাড়া সম্প্রতি সারাদেশে শীতের আবহ বেড়েছে অনেকটা।

চালক সুবাস দাস জানান, ট্রাকের সময় নির্ধারণ না থাকলেও বাসকে সময় মেনে চলাচল করতে হয়। এ কারণে ট্রাকচালকদের তুলনায় বাস চালকরা অনেকটা বেপরোয়া গতিতে গাড়ি চালান। সেক্ষেত্রে তারা তীব্র কুয়াশার মধ্যেও একই কাজটি করেন। এতে দুর্ঘটনার ঝুঁকি থাকে, থাকে জীবন হারানোর ঝুঁকি।

এরপরও সবাই বেপরোয়াভাবেই গাড়ি চালায়। মহাসড়কের রাস্তার দু’পাশ থেকে মাঝেমধ্যেই কুয়াশা যেন চেপে বসে। তখন সবকিছু যেন দৃষ্টিসীমার বাইরে চলে যাওয়ার মত অবস্থা হয়। দুর্ঘটনা এড়াতে চালক যানের গতি নিয়ন্ত্রণে আনতে বাধ্য হন।

যানবাহন চালকরা আরও জানান, কুয়াশার মধ্যে সন্ধ্যার পর মহাসড়ক দিয়ে শহরগুলোতে যেতে বেশ সমস্যায় পড়তে হচ্ছে। ফাঁকা স্থানে কুয়াশার দাপট বেশি। তাই গাড়ি চালাতে হচ্ছে ধীরগতিতে। চারদিক থেকে কুয়াশা চেপে ধরে, যেন কিছুই চোখে পড়তে চায় না। তখন গাড়ি থামিয়ে সামনের গ্লাসে পানি দিয়ে পরিষ্কার করতে হয়।

এদিকে আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদরা বলছেন, সম্প্রতি শীতের আবহ বেড়েছে। সময় গড়িয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে বাড়ছে শীতের মাত্রা। এর প্রভাব সারা দেশে। দিন যত যাবে কুয়াশার দাপট ততই বাড়বে। এ মাসে দুইটি শৈত্য প্রবাহ হওয়ার কথাও জানিয়েছেন তারা। কুয়াশার

প্রভাবে ঢাকা, সিলেট, চট্রগ্রাম সহ সারা দেশের সাথে উপজেলার যোগাযোগ ব্যবস্থা ব্যহত হচ্ছে।

হরিণাকুণ্ডুতে বিজয় দিবস ও শহীদ বুদ্ধিজীবী দিবস পালনের প্রস্তুতি সভা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের উদ্যোগে মহান বিজয় দিবস ও শহীদ বুদ্ধিজীবী দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, সংসদ সদস্যের প্রতিনিধি রওশন আলী, সহকারী কমিশনার(ভূমি) রাজিয়া সুলতানা চৌধুরী, থানার ওসি আব্দুর রহিম মোল্লা, উপজেলা আ.লীগের যুগ্ম- সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলু, প্রেস ক্লাবের সভাপতি এম সাইফুজ্জামান তাজু।

এছাড়াও উপস্থিত ছিলেন, ইউপি চেয়ারম্যান ফজলুর রহমান, মঞ্জুর আলম, গোলাম মোস্তফা, ছমির উদ্দীন, মোহাম্মদ আলীসহ উপজেলার বিভিন্ন দপ্তরের প্রধান, ও বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ।

আলোচনায় সভায় আগামী ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস পালনের বিভিন্ন কর্মসূচি ঘোষণা করা হয়।

এছাড়া অনলাইনের মাধ্যমে সঙ্গীত, কবিতাসহ চিত্রাঙ্কন প্রতিযোগীতার সিদ্ধান্ত গৃহীত হয়।

কালীগঞ্জে সামান্য ঘটনার জেরে কৃষকের আঙুল কর্তন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বলিদাপাড়া গ্রামে তুচ্ছ ঘটনায় আব্দুল আজিজ নামে এক কৃষকলীগ নেতার আঙুল কর্তন করার অভিযোগ পাওয়া গেছে। মঙ্গলবার বিকেলে এ ঘটনা ঘটে।

আহত আব্দুল আজিজ বলিদাপাড়া এলাকার ফটিক বিশ্বাসের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মঙ্গলবার বিকেলে বলিদাপাড়া এলাকার আব্দুল হানেফ এর ছাগল আব্দুল আজিজের মসুরীর ক্ষেতে যায়। এ সময় আব্দুল আজিজ বকাবকি শুরু করে।

এ নিয়ে আব্দুল আজিজ ও আব্দুল হানেফের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। এর একপর্যায়ে আব্দুল হানেফের হাতে থাকা কাঁচি দিয়ে আজিজকে কোপ দেয়। এতে আজিজ ঠেকাতে গেলে তার হাতের একটি আঙুল কেটে ঝুলে যায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ঝিনাইদহ সদর হাসপাতালে রেফার্ড করেন।

কালীগঞ্জ উপজেলা কৃষকলীগের সভাপতি আবুল কালাম আজাদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, উপজেলা কৃষকলীগের সদস্য আব্দুল আজিজকে কাঁচি দিয়ে আঙুল কেটে ঝুলিয়ে দেওয়া হয়েছে। এ ঘটনায় থানায় অভিযোগ দেওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।